

গনপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিচালক, সম্প্রসারণ-এর দপ্তর
প্রাণিসম্পদ অধিদপ্তর
কৃষিখামার সড়ক, ফার্মগেট, ঢাকা-১২১৫।

নং: ৩৩.০১.০০০০.২০০.০০৬.০০১.১৫.১৬০

তারিখ: ০৬/০২/২০১৬ খ্রিঃ

মহাপরিচালক
প্রাণিসম্পদ অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা।

বিষয়: প্রাণিসম্পদ অধিদপ্তরের ইনোভেশন টিমের সভার কার্যবিবরণী প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে আপনার সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, গত ২৫.০১.২০১৬ তারিখ পরিচালক (সম্প্রসারণ) এর সভাপতিত্বে প্রাণিসম্পদ অধিদপ্তরের ইনোভেশন টিমের একটি সভা অনুষ্ঠিত হয়। কর্মকর্তাদের তালিকাসহ উক্ত সভার কার্যবিবরণী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরিত হলো।

সংযুক্তিঃ

১. সভার কার্যবিবরণী- দুই পৃষ্ঠা

স্বাক্ষরিত/
(বিশ্বজিৎ ভট্টাচার্য্য)
পরিচালক (সম্প্রসারণ)
ও

সভাপতি, ইনোভেশন টিম, প্রাণিসম্পদ অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা।

জ্ঞাতার্থে ও কার্যার্থে অনুলিপিঃ

- ১। ডাঃ মোঃ সহিদুল ইসলাম, উপপরিচালক (প্রাণিস্বাস্থ্য ও প্রশাসন-১), প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
- ২। ডাঃ মোঃ রফিকুল ইসলাম, প্রকল্প পরিচালক, সিডিএমপি-২, প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
- ৩। ড. মোঃ আবু সুফিয়ান, অতিরিক্ত জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, যশোর, সমন্বয়কঃ ইনোভেশন টিম, প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
- ৪। মোঃ সোহরাব হোসেন, দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি ও সার্ভার শাখা, প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
- ৫। অভিজিত কুমার মোদক, বৈজ্ঞানিক কর্মকর্তা, এলই শাখা, প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।

প্রাণিসম্পদ অধিদপ্তরের ইনোভেশন টিমের সভার কার্যবিবরণী

সভাপতি	বিশ্বজিৎ ভট্টাচার্য, পরিচালক (সম্প্রসারণ), প্রাণিসম্পদ অধিদপ্তর
তারিখ	২৫/০১/২০১৬ খ্রিঃ
সময়	সকাল ১১:০০ ঘটিকা
স্থান	পরিচালক-এর অফিস কক্ষ

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকাঃ

ক্রমিক নং	কর্মকর্তার নাম ও পদবী	স্বাক্ষর
০১.	ডাঃ মোঃ সহিদুল ইসলাম, উপপরিচালক (প্রাণিস্বাস্থ্য ও প্রশাসন-১), প্রাণিসম্পদ অধিদপ্তর ও সদস্য, ইনোভেশন টিম	স্বাক্ষরিত
০২.	ডাঃ মোঃ রফিকুল ইসলাম, প্রকল্প পরিচালক, সিডিএমপি-২, প্রাণিসম্পদ অধিদপ্তর ও সদস্য, ইনোভেশন টিম	স্বাক্ষরিত
০৩.	ড. মোঃ আবু সুফিয়ান, অতিরিক্ত জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, যশোর, সমন্বয়কঃ ইনোভেশন টিম, প্রাণিসম্পদ অধিদপ্তর	স্বাক্ষরিত
০৪.	মোঃ সোহরাব হোসেন, দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি ও সার্ভার শাখা প্রাণিসম্পদ অধিদপ্তর ও সদস্য সচিব, ইনোভেশন টিম	স্বাক্ষরিত
০৫.	অভিজিত কুমার মোদক, বৈজ্ঞানিক কর্মকর্তা, এলই শাখা, প্রাণিসম্পদ অধিদপ্তর	স্বাক্ষরিত

০২। সভাপতি মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম আরম্ভ করেন। তিনি জানান যে, গত ১৯.০১.২০১৬ তারিখে মন্ত্রিপরিষদ বিভাগ ও প্রধানমন্ত্রীর কার্যালয়ের উদ্যোগে “জনসেবায় উদ্ভাবন” বিষয়ক সোশ্যাল মিডিয়া সংলাপ অনুষ্ঠিত হয়। উক্ত সংলাপ অনুষ্ঠানে ডাঃ অমিতাভ চক্রবর্তি, উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, কুড়িগ্রাম সদর (বর্তমানে PhD কোর্সে অধ্যয়নরত), ইউনিয়ন পর্যায়ে প্রাণিস্বাস্থ্য সেবা সম্প্রসারণের লক্ষ্যে “ইউনিয়ন প্রাণিসম্পদ সেবাকেন্দ্র প্রতিষ্ঠা” শীর্ষক তার উদ্ভাবনী উদ্যোগটি উপস্থাপন করে। পরবর্তিতে উদ্ভাবনী উদ্যোগটি Replicate করার বিষয়ে মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়-এর সচিব মহোদয় দিক-নির্দেশনা প্রদান করেন। সে প্রেক্ষিতে আগামী ৪/২/২০১৬ ইং তারিখে প্রাণিসম্পদ অধিদপ্তরে a2i প্রোগ্রামের আওতায় প্রশিক্ষণপ্রাপ্ত ইনোভেটরদের নিয়ে একটি কর্মশালা অনুষ্ঠানের সার্বিক প্রস্তুতি নিয়ে বিস্তারিত আলোচনা হয়। উক্ত কর্মশালায় সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকতে সদয় সম্মতি জ্ঞাপন করেছেন। ডাঃ মোঃ সহিদুল ইসলাম, উপপরিচালক (প্রাণিস্বাস্থ্য ও প্রশাসন-১) সভায় জানান, বিভাগীয় উপপরিচালকবৃন্দ কে এ কর্মশালায় সংযুক্ত করলে উদ্ভাবনী উদ্যোগটি সকল বিভাগে Replicate করা সহজতর হবে। সভাপতি মহোদয় আগামী ৪/২/২০১৬ ইং তারিখে প্রাণিসম্পদ অধিদপ্তরের কর্মশালাটি সুন্দরভাবে সম্পন্নের লক্ষ্যে সবাইকে আন্তরিকভাবে কাজ করার আহবান জানান।

০৩। ড.মোঃ আবু সুফিয়ান, সমন্বয়কঃ ইনোভেশন টিম, সভায় প্রাণিসম্পদ অধিদপ্তরের ইনোভেশন কর্মপরিকল্পনা-২০১৬-এর খসড়া উপস্থাপন করেন। তিনি আরও জানান ইনোভেশন কর্মপরিকল্পনাটি ২১ জুন, ২০১৫ তারিখ মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক জারিকৃত “উদ্ভাবন কর্মপরিকল্পনা প্রনয়ন ও মূল্যায়ন নির্দেশিকা, ২০১৫ অনুসরণপূর্বক প্রস্তুত করা হয়েছে। সভায়

ইনোভেশন কর্মপরিকল্পনাটি নিয়ে বিস্তারিত আলোচনা হয়। কর্মপরিকল্পনাটি কিছু পরিবর্তন ও পরিমার্জনপূর্বক মন্ত্রণালয়ে প্রেরণ করার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয় এবং এ বিষয়ে মতামত প্রদান করা হয়।

০৪। সভায় ইনোভেশন কার্যক্রমের একটি বার্ষিক প্রতিবেদন প্রনয়নের জন্য দিকনির্দেশনা প্রদান করা হয়। আগামী সভায় একটি খসড়া বার্ষিক প্রতিবেদন উপস্থাপনের জন্য সমন্বয়কঃ ইনোভেশন টিম কে নির্দেশনা প্রদান করা হয়।

০৫। এতদবিষয়ে আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

- আগামী ৪/২/২০১৬ ইং তারিখে প্রাণিসম্পদ অধিদপ্তরের a2i প্রোগ্রামের আওতায় প্রশিক্ষণপ্রাপ্ত ইনোভেটরদের নিয়ে কর্মশালাটি সুন্দরভাবে সম্পন্নের লক্ষ্যে উপপরিচালক (প্রাণিস্বাস্থ্য ও প্রশাসন-১), প্রাণিসম্পদ অধিদপ্তর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।
- প্রাণিসম্পদ অধিদপ্তরের ইনোভেশন কর্মপরিকল্পনা-২০১৬, পরিবর্তন ও পরিমার্জনপূর্বক অতি দ্রুততার সাথে মন্ত্রণালয়ে প্রেরণের জন্য সমন্বয়কঃ ইনোভেশন টিম প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।
- ইনোভেশন কার্যক্রমের বার্ষিক পূর্ণাঙ্গ প্রতিবেদন আগামী সভায় উপস্থাপনের জন্য ড.মোঃ আবু সুফিয়ান ও অভিজিত কুমার মোদক দায়িত্ব পালন করবেন।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপনের মধ্য দিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/

(বিশ্বজিৎ ভট্টাচার্য্য)
পরিচালক (সম্প্রসারণ)ও
সভাপতি, ইনোভেশন টিম,
প্রাণিসম্পদ অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা।